

## আমি শিউলি

▣ পারমিতা চক্রবর্তী

শরতের কানমেলানিতে সেদিন প্রথম ঘুম ভাঙ্গে  
ঘুম ফেলে উঠে দেখি গগন নীলে চাঁড়া-  
পাতা দুটো ফাঁক করে তাই-

চট করে দিলাম হেসে-

নীলের মাঝে মেঘগুলো যে চিল হয়ে যায় ভেসে  
শরতের চাপে দেখি ফাঁকা ঘুমের ছুরি-  
একটু ঘুম লাগলেই কাশফুল দেয় কানে সুরসুরি!  
শরৎ এসে শুনায় যে কত বিরল গল্প-  
মাঝে বসন্ত এসেও শুনিয়েছিল

এরকম কিছু অল্প-

ঘুমের ঘোর কাটেনি বলে অভিমান  
করেছিল স্বপ্ন।

সবুজ পাতায় বিছানা পাতা-

নব্বা পাতায় বিছানা পাতা

নব্বা কাঁটা বুকে-

নীল নয়নে স্বপ্ন যে যায়-

মা কে তুলে আনতে!

শরতের হিসেব বড্ড পাঁকা-

প্রতিদিন নাড়ে কড়া,

পুরো তৈরী হয়ে বসে আছি তাই-

গাছ এখন ফুলে ভরা-

গন্ধেরা পথ ছুটেছে মা কে আনবে বলে-

শরতের কানমেলানিতে বাতাস গেছে সেজে-

কাশফুলের ভঙ্গিমাতে প্রতিদিন কত রূপ-

হীরের গয়না সাজাই আমি

সাজাতে মায়ের বুক,

শরতের উত্তেজনায় ঘুম নেই কারো চোখে-

প্রস্তুতি তুঙ্গে এখন সাদা-কমলার বুকে।।